# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩০৭৪

৫০/ কুরআন তাফসীর (كتاب تفسير القرآن عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সূরা আল-আ'রাফ

بَابٌ: وَمِنْ سُورَةِ الأَعْرَافِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ الرَّحْمَنِ، أَخْبَرَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ، عَنْ ثَابِتٍ، عَنْ أَنَسٍ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَرَأَ هَذِهِ الآيَةَ : ‏(‏ فَلَمَّا تَجَلَّى رَبُّهُ لِلْجَبَلِ جَعَلَهُ دَكًّا ‏)‏ قَالَ حَمَّادٌ هَكَذَا وَأَمْسَكَ سُلَيْمَانُ بِطَرَفِ إِبْهَامِهِ عَلَى أَنْمُلَةِ إِصْبَعِهِ الْيُمْنَى قَالَ فَسَاخَ الْجَبَلُ ‏(‏ وخَرَّ مُوسَى صَعِقًا ‏)‏ ‏.‏ قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ صَحِيحٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثِ حَمَّادِ بْنِ سَلَمَةَ ‏.‏

حَدَّثَنَا عَبْدُ الْوَهَّابِ الْوَرَّاقُ الْبَغْدَادِيُّ، حَدَّثَنَا مُعَاذُ بْنُ مُعَاذٍ، عَنْ حَمَّادِ بْنِ سَلَمَةَ، عَنْ ثَابِتٍ، عَنْ أَنَسٍ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَحْوَهُ ‏.‏ هَذَا حَدِيثٌ حَسَنٌ ‏.‏

বাংলা

৩০৭৪. আবদুল্লাহ্ ইবন আবদুর রহমান (রহঃ) ....... আনাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদিন এই আয়াতটি পাঠ করলেনঃ (فَلَمَّا تَجَلَّى رَبُّهُ لِلْجَبَلِ جَعَلَهُ دَكًّا) রাবী হাম্মাদ (রহঃ) তাজাল্লীর রূপ দেখাতে যেয়ে বলেছেনঃ এইরূপে। আর সুলায়মান (রহঃ) এর ব্যাখ্যায় তার বৃদ্ধাঙ্গুলির কিনারা দিয়ে ডান হাতের অঙ্গুলিগুলোর মাথা স্পর্শ করলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ অনন্তর এই তাজাল্লীতে পাহাড়টি ধ্বসে যায় আর মূসা (আঃ) বেহুঁশ হয়ে পড়েন।

সহীহ, যিলালুল জান্নাত ৪৮০, তিরমিজী হাদিস নম্বরঃ ৩০৭৪ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি হাসান-সহীহ গারীব। হাম্মাদ ইবন সালামা (রহঃ) -এর রিওয়ায়ত ছাড়া এটি সম্পর্কে আমাদের কিছু জানা নেই। আবদুল ওয়াহাব ওয়াররক বাগদাদী (রহঃ) আনাস রাদিয়াল্লাহু আনহু সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে অনুরূপ বর্ণিত আছে।

(আবু ঈসা বলেন)এই হাদীসটি হাসান।

## English

Narrated Sulaiman bin Harb:
"Hammad bin Salamah narrated to us, from Thabit, from Anas, that the Prophet (ﷺ) recited this Ayah: So when his Lord appeared to the mountain, He made it collapse to dust (7:143) - Hammad said: "Like this." Sulaiman held his thumb over the tip of his finger on the right hand (so that only the tip of one finger was protruding) - and he [the Prophet (ﷺ)] said: "So the mountain fainted. 'And Musa fell down unconscious.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38426

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন